ঢাকা রবিবার, ২২ ডিসেম্বর, ২০২৪

সারাদেশ

# সেন্টমার্টিনে ১২শ কেজি প্লাস্টিক বর্জ্য অপসারণ

টেকনাফ (কক্সবাজার) প্রতিনিধি

প্রকাশিত: ডিসেম্বর ২২, ২০২৪, ১২:০৩ পিএম




ছবি: রূপালী বাংলাদেশ

দেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন সমুদ্র সৈকতে ইউনিলিভার বাংলাদেশের সহযোগিতায় দুইদিনব্যাপ পরিচ্ছন্নতা অভিযান করছেন কেওক্রাডং বাংলাদেশ নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠন। এতে বাংলাদেশ কোস্টগার্ড, স্থানীয় লোকজনসহ সারা দেশের বিভিন্ন পেশাজীবী এবং সেন্ট মার্টিনের স্কুল মাদ্রাসার শিক্ষার্থীরা অংশ নেন। এই অভিযানে প্রায় ১২০০ কেজি প্লাস্টিক বর্জ্য সেন্টমাটিন থেকে অপসারণ করা হয়।

গতকাল শনিবার (২১ ডিসেম্বার) সকাল পযন্ত সেন্ট মার্টিনের অলিগলি ও সমুদ্র সৈকতের বিভিন্ন পয়েন্ট থেকে প্লাস্টিক বোতল, প্লাস্টিকের প্যাকেটসহ নানান

ধরনের অপচনশীল ময়লা-আবর্জনা সংগ্রহে নেতৃত্ব দেয় 'কেওক্রাডং বাংলাদেশ' নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠন। এর আগেও সংগঠনটির উদ্যোগে দ্বীপে এধরনের কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছিল। এটি তাদের ১৩ তম উদ্যোগ।

সেন্ট মার্টিন এর সাবেক ইউপি সদস্য হাবিবুর রহমান বলেন, 'সেন্টমার্টিনকে পরিষ্কার রাখার জন্য ১৩ বছর ধরে এই কাজ করার জন্য কেওক্রাডং বাংলাদেশেকে স্বাগত জানায়। এই ভাবে সবাই এগিয়ে এসে নিজেদের দায়িত্ব পালন করলে শুধু সেন্ট মার্টিনই নয়, আমরা বর্জ্য মুক্ত একটি পৃথিবীও গড়ে তুলতে পারব।'



সেন্টমার্টিন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মুজিবুর রহমান  বলেন, কেওক্রাডং বাংলাদেশ নামের স্বেচ্ছাসেবী সংগঠন প্রতিবছরের মত এই বছরও সেন্ট মার্টিনে পরিচ্ছন্নতা অভিযান করছেন। এটি সেন্টমার্টিন এর জন্য খুব উপকারী কাজ।

প্রাকৃতিক সৌন্দর্য উপভোগের জন্য প্রতিবছর হাজারো পর্যটক আমাদের এ দ্বীপে আসেন। স্থানীয় ও পর্যটকদের কারণে সমুদ্রসৈকতে নানা ধরনের বর্জ্য জমা হয়ে থাকে।  সৌভাগ্যবশত  কেওক্রাডং বাংলাদেশ -এর মতো সংস্থার সৈকত পরিষ্কারে প্রশংসনীয় উদ্যোগগুলির কারণে দ্বীপের সৌন্দর্যকে ধরে রাখা সম্ভব হয়েছে।

কেওক্রাডং বাংলাদেশের সমন্বয়কারী মুনতাসির মামুন বলেন, বাংলাদেশে ভৌগলিক কারণে ফেলে দেওয়া প্লাস্টিকের অন্তিম গন্তব্য যেকোনো জলাধার হয়ে থাকে বেশিরভাগ ক্ষেত্রেই। আর সেন্ট মার্টিনের মতো ছোট দ্বীপে পড়ে থাকা প্লাস্টিক যদি মূল ভূখণ্ডে নিয়ে আসা না হয় তবে এর পরিণাম শুধু এই দ্বীপের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না। ছড়িয়ে পড়ে বঙ্গোপসাগরে। আমাদের এই ক্ষুদ্র প্রয়াস ছিল আমাদের সামর্থ্য অনুযায়ী সেই পরিণামকে যতটা সম্ভব সীমিত করা।

তিনি আরও বলেন, “সেন্ট মার্টিন দ্বীপ বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্যের এক অপরূপ নিদর্শন। এর সৌন্দর্যের টানে প্রতিবছর হাজার হাজার পর্যটক এ দ্বীপে জড়ো হন। দ্বীপটির সৌন্দর্য উপভোগ করার পাশাপাশি এর সংরক্ষণ ও সুরক্ষা নিশ্চিত করাও আমাদের দায়িত্ব। এ লক্ষ্যে, বিগত ১৩ বছর ধরে প্রতি বছর উপকূল পরিচ্ছন্নতা অভিযানের আয়োজন করে আসছি এবং প্রতি বছরই এতে অংশগ্রহণকারীর সংখ্যা বাড়ছে। আমি বিশ্বাস করি, সবাই মিলে কাজ করলে শুধু সেন্ট মার্টিন নয়, পুরো পৃথিবীকেই আমরা আরও পরিষ্কার করে তুলতে পারব।

আরবি/জেআই

বিষয়: সেন্টমার্টিন বাংলাদেশ কোস্টগার্ড

পরবর্তী খবর

সারাদেশ

# কক্সবাজার প্রেসক্লাবের জটিলতা নিরসনে জেলা প্রশাসকের হস্তক্ষেপ

কক্সবাজার ব্যুরো
প্রকাশিত:ডিসেম্বর ২২, ২০২৪, ১১:৫৪ এএম



ছবি: রূপালী বাংলাদেশ

কক্সবাজার প্রেসক্লাব নিয়ে জটিলতা নিরসনে জেলা প্রশাসকের হস্তক্ষেপ চেয়ে স্মারকলিপি দিয়েছেন ক্লাবের সদস্য পদ বঞ্চিত ও বৈষম্যের শিকার সাংবাদিকরা। তারা ক্লাবের প্রধান পৃষ্টপোষক হিসেবে জেলা প্রশাসকের মধ্যস্ততায় অন্তর্বর্তীকালীন কমিটি গঠনের প্রস্তাবনা দিয়েছেন।

শনিবার রাতে জেলা প্রশাসক মোহাম্মদ সালাহউদ্দিনের হাতে ওই স্মারকলিপি তুলে দেয়া হয়।

স্মারকলিপি প্রদানকালে ক্লাবের স্থায়ী সদস্য মুহম্মদ নুরুল ইসলাম ও জি এ এম আশেক উল্লাহ ছাড়াও সদস্য পদ বঞ্চিত বেশ কয়েকজন সাংবাদিক উপস্থিত ছিলেন।

স্মারকলিপিতে দাবি করা হয়, কক্সবাজার প্রেসক্লাবের গঠনতন্ত্র মোতাবেক সদস্যপদ প্রাপ্তির সম্পূর্ণ যোগ্যতা থাকা সত্ত্বেও অন্যায়ভাবে তাদের প্রেসক্লাবের সদস্যপদ দেয়া হয়নি।

আরও বলা হয়, ফ্যাসিবাদী সরকারের পতনের পর সংশ্লিষ্ট সবার মতামত না নিয়ে এবং প্রয়োজনীয় সংস্কার ছাড়াই ফ্যাসিবাদী সরকারের দীর্ঘ সময়ের সুবিধাভোগী কয়েকজন মিলে রাতের অন্ধকারে হঠাৎ একটি কমিটি ঘোষণা করে প্রেসক্লাবের চেয়ারে বসে যায় বর্তমান নেতৃত্ব।

তারা বৈষম্যের শিকার সাংবাদিকদের দ্রুত সদস্য পদ দেয়া হবে বলে আশ্বস্ত করলেও অদ্যাবধি সদস্যপদ দিতে নানা টালবাহানা করে যাচ্ছেন এবং সর্বোপরি অস্বীকার করছেন।

স্মারকলিপির বর্ণনা মতে, কক্সবাজার প্রেসক্লাবের বর্তমান স্বঘোষিত কথিত কয়েকজন নেতা এই ক্লাবকে নিজেদের পকেটস্থ করার জন্য স্বৈরতান্ত্রিক কায়দায় নিজেদের পারিবারিক ক্লাবে পরিণত করছেন।

স্ত্রী, শ্যালকসহ আপনজনদের রাতারাতি সদস্যপদ দিয়ে পারিবারিক ক্লাবে পরিণত করে এই ব্যবস্থাকে পাকাপোক্ত করতে তারা গোপন তফসিলের মাধ্যমে নিজেদের মতো করে ক্লাবে রকার্যকরী কমিটির নির্বাচন অনুষ্ঠানের অপচেষ্টা চালিয়ে যাচ্ছেন।এমতাবস্থায় সদস্যপদ বঞ্চিত ও বৈষম্যের শিকার সাংবাদিকদের মাঝে চরম উত্তেজনা সৃষ্টি হয়েছে।

স্বঘোষিত নেতাদের ফ্যাসিবাদী ও স্বৈরাচারি মানসিকতার কারণে এক সংঘাতময় বিশৃংখল পরিস্থিতির সৃষ্টি হয়েছে। যে কোন সময় অপ্রীতিকর ও অনভিপ্রেত ঘটনার আশঙ্কা দেখা দিয়েছে।

তাতে আরও উল্লেখ করা হয়, স্বঘোষিত এই কমিটির সাধারণ সভা, নির্বাচন আয়োজনের আইনত-ন্যায়ত কোন অধিকার নেই। কারণ তারা প্রেসক্লাবের গঠনতন্ত্র মেনে চেয়ারে আসেননি।

স্মারকলিপি প্রদানকালে আরও উপস্থিত ছিলেন সাংবাদিক ইউনিয়ন কক্সবাজার সাধারণ সম্পাদক মোস্তফা সরওয়ার, হুমায়ুন সিকদার, সরওয়ার সাঈদ, আব্দুর রহমান, ইসলাম মাহমুদ, মোহাম্মদউর রহমান মাসুদ, মহিউদ্দিন মাহী, আতিকুর রহমান মানিক, এসকে সেলিম, শামসুল আলম শ্রাবন, মোহাম্মদ আব্দুল হালিম প্রমূখ।

বিষয়: কক্সবাজার | প্রেসক্লাব | জেলা প্রশাসক

পরবর্তী খবর

সারাদেশ

টঙ্গীতে বেইলি ব্রিজে দুর্ঘটনা

# ২৪ ঘন্টায়ও উদ্ধার হয়নি ট্রাক, বিকল্প পথে চলার অনুরোধ

রূপালী ডেস্ক
প্রকাশিত:ডিসেম্বর ২২, ২০২৪, ১১:৪১ এএম



ছবি: সংগৃহীত

এখনো উদ্ধার হয়নি গাজীপুরের ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের টঙ্গীর বেইলি ব্রিজ ভেঙে তুরাগ নদীতে পড়ে যাওয়া সেই ট্রাকটি। দুর্ঘটনাস্থলে দেখা মেলেনি

সড়ক ও জনপথ বা বিআইডব্লিউটিএ'র কর্মকর্তাদের।

ব্রিজ মেরামতে নেই কোন অগ্রগতি। ফলে ওই সড়ক ব্যবহারকারী যানবাহন ও যাত্রীদের দুর্ভোগ বেড়েছে। এদিকে ট্রাকচালক আহত হলেও খোঁজ মেলেনি হেলপারের।

শনিবার (২১ ডিসেম্বর) এ দুর্ঘটনার পর থেকে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের যানবাহন চলাচল ব্যাহত হচ্ছে। তবে বিকল্প পথে চলতে পরামর্শ দিয়েছে হাইওয়ে পুলিশ। ট্রাকচালকদের কামারপাড়ার মুন্নুগেট ও গণপরিবহন চালকদের ফ্লাইওভার ব্যবহারের জন্য অনুরোধ জানানো হয়েছে।

বিষয়: গাজীপুর | সড়ক দূর্ঘটনা | ট্রাক চাপা | সড়ক | পুলিশ

পরবর্তী খবর

সারাদেশ

সেনাবাহিনীর সদর দপ্তর নিয়ন্ত্রণে নেওয়ার দাবি আরাকান আর্মির

টেকনাফ (কক্সবাজার) প্রতিনিধি
প্রকাশিত:ডিসেম্বর ২২, ২০২৪, ১১:৩০ এএম



ছবি: রূপালী বাংলাদেশ

মিয়ানমারের রাখাইন রাজ্যে সেনাবাহিনীর সদরদপ্তর নিজেদের নিয়ন্ত্রণে নেওয়ার দাবি করেছে বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মি (এএ)। এ নিয়ে দ্বিতীয় আঞ্চলিক কমান্ড সেন্টার হারাল জান্তা বাহিনী। ফলে দেশটির সেনাবাহিনীর জন্য একটি বিশাল বড় ধাক্কা। শনিবার (২১ ডিসেম্বর) দ্য গার্ডিয়ানের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

এর আগে শুক্রবার (২০ ডিসেম্বর) মধ্যরাতে টেলিগ্রামে এক পোস্টে আরাকান আর্মি (এএ) জানিয়েছে, গত দুই সপ্তাহ ধরে তীব্র লড়াইয়ের পর শুক্রবার বাংলাদেশের সীমান্তবর্তী রাখাইন রাজ্যে পশ্চিমা সামরিক কমান্ড বাহিনীর পতন হয়েছে। এতে করে রাখাইন রাজ্যে সামরিক সদরদপ্তর নিজেদের নিয়ন্ত্রণে নিয়েছে আরাকান আর্মী এএ।

এদিকে গত মাসে জাতিসংঘ এক সতর্কবার্তায় বলেছে,রাখাইন রাজ্য দুর্ভিক্ষের দিকে যাচ্ছে,কারণ চলমান সংঘর্ষের প্রভাবে দেশটিতে বাণিজ্য ও কৃষি উৎপাদনকে ব্যাপকভাবে হুমকির দিকে ঠেলে দিচ্ছে।

জাতিসংঘের উন্নয়ন কর্মসূচির প্রতিবেদনে বলা হয়েছে, রাখাইনের অর্থনীতি স্থবির হয়ে পড়েছে। এখনই যদি খাদ্য নিরাপত্তার সমস্যার সমাধান করা না হয় তাহলে ২০২৫ সালের মাঝামাঝি সময়ে দেশটি দুর্ভিক্ষের মুখোমুখী হতে পারে।

উল্লেখ্য, ২০২১ সালের শুরুর দিকে মিয়ানমারের নির্বাচিত সরকারকে উৎখাতে ক্ষমতা দখল করে সেনাবাহিনী। তখন থেকেই মিয়ানমারে অস্থিরতা চলছে। ওই অভ্যুত্থানকে কেন্দ্র করে দেশটিতে ব্যাপক বিক্ষোভ শুরু হয়, যা পরবর্তী সময়ে সশস্ত্র বিদ্রোহে রূপ নেয়।

বিষয়: সেনাবাহিনী টেকনাফ আরাকান আর্মি সদর দপ্তর

পরবর্তী খবর

সারাদেশ

# নরসিংদীতে ছাত্রদল কর্মীকে গুলি করে হত্যা

রূপালী ডেস্ক
প্রকাশিত:ডিসেম্বর ২২, ২০২৪, ১১:২৩ এএম




ছবি: সংগৃহীত

নরসিংদীতে এক ছাত্রদল কর্মীকে গুলি করে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহতের নাম হুমায়ন। তিনি মেহেরপাড়া ইউনিয়ন ছাত্রদলের সদস্য।

শনিবার (২১ ডিসেম্বর) দিবাগত রাত সাড়ে ১২টার দিকে নরসিংদীর পাঁচদোনায় এ ঘটনা ঘটে।  এ ঘটনায় অভিযুক্তদের গ্রেপ্তারে অভিযান শুরু করেছে পুলিশ।

পুলিশ জানায়, মোটরসাইকেলে এসে রাত সাড়ে ১২টার দিকে একটি দুবৃত্তরা হুমায়নকে গুলি করে দুর্বৃত্তরা। এতে সে মাটিতে লুটিয়ে পড়ে।

হুমায়নকে উদ্ধার করে নরসিংদী সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত

চিকিৎসক মৃত ঘোষণা করেন।

বিষয়: নরসিংদী ছাত্রদল গুলি হত্যা অভিযান নিহত


ভারপ্রাপ্ত সম্পাদক : করিম আহমদ
সম্পাদক-প্রকাশক : মো: সায়েম ফারুকী

সম্পাদক কর্তৃক বিসমিল্লাহ্ প্রিন্টিং প্রেস, ২১৯ ফকিরাপুল ১ম গলি, মতিঝিল, ঢাকা থেকে মুদ্রিত ও হাউজ নং ৯, রোড ১৭, ব্লক ডি, বনানী, ঢাকা-১২১৭ থেকে প্রকাশিত।
বার্তা ও বাণিজ্যিক কার্যালয় : হাউস নং-২৩, রোড-১৭, ব্লক-সি, লেভেল-৮, সেঞ্চুরি ট্রেড সেন্টার, বনানী, ঢাকা-১২১৭।

ফোন : +8801792626415

ই-মেইল : info@rupalibangladesh.com

বিজ্ঞাপন বিভাগ : ফোন: ±88-02226603223

ই-মেইল : mktrupalibd@gmail.com

সার্কুলেশন : ফোন: ±88-02226603223

অনলাইন ই-মেইল : rupalibangladeshonline@gmail.com



সোশ্যাল মিডিয়া

মোবাইল অ্যাপস ডাউনলোড করুন

GET IT ON Google Play
Download on the App Store

• রূপালী বাংলাদেশ • গোপনীয়তার নীতি • শর্তাবলী • মন্তব্য প্রকাশের নীতিমালা
• বাংলা কনভার্টার • বিজ্ঞাপন • যোগাযোগ

এই ওয়েবসাইটের কোনো লেখা বা ছবি অনুমতি ছাড়া নকল করা বা অন্য কোথাও প্রকাশ করা সম্পূর্ণ বেআইনি। © ২০১৯ - ২০২৪ সর্বস্বত্ব সংরক্ষিত , রূপালী বাংলাদেশ ।

Design & Developed by Bongosoft Ltd.